



**বিষয়: বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মাসিক সভার কার্যবিবরণী।**

সভাপতি : জনাব সোহেলী শিরীন আহমেদ  
যুগ্মসচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়।  
সভার স্থান : বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং-৭০৮-৭১০)  
তারিখ : ২৮.১০.২০২০ খ্রিস্টাব্দ  
সময় : বেলা-০৩.৩০ ঘটিকা

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা পরিশিষ্ট- 'ক'।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সহকারী প্রোগ্রামার সভাকে অবহিত করেন যে, ২০২০-২১ সালের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির প্রথম প্রান্তিকের প্রতিবেদন প্রমাণকসহ ১৫ অক্টোবর এর মধ্যে APAMS-এ আপলোড করা হয়েছে। অপরদিকে, মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার আপলোডকৃত প্রতিবেদন প্রমাণকসহ পর্যালোচনা করা প্রয়োজন। এছাড়া আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য বাস্তবায়নের Action Plan সভায় উপস্থাপন করা হয়। সভায় বিস্তারিতভাবে Action Plan টি পর্যালোচনা করা হয়। সভায় উপস্থিত সকলে এ বিষয়ে একমত পোষন করেন।

**০২. ২৭.০৯.২০২০ তারিখের সভার সিদ্ধান্ত ও বাস্তবায়ন অগ্রগতি:**

ক্রমিক	সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি
ক.	আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য বাস্তবায়নে Action Plan তৈরি করতে হবে।	আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য বাস্তবায়নে Action Plan প্রস্তুত করা হয়েছে।
খ.	কৌশলগত উদ্দেশ্য এবং আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যে বর্ণিত সূচক এর লক্ষ্যমাত্রা অর্জনে মন্ত্রণালয়ের সকল শাখা/অধিশাখা পর্যায়ে পত্র দিতে হবে।	কৌশলগত উদ্দেশ্য এবং আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যে বর্ণিত সূচক এর লক্ষ্যমাত্রা অর্জনে মন্ত্রণালয়ের সকল শাখা/অধিশাখাকে গত ১০.০৯.২০২০ তারিখে পত্র প্রেরণ করা হয়েছে।
গ.	প্রথম প্রান্তিকের প্রতিবেদন প্রমাণকসহ অক্টোবর মাসের প্রথম সপ্তাহের মধ্যে প্রেরণের জন্য দপ্তর/সংস্থাসহ সংশ্লিষ্ট সকলকে পত্র প্রেরণ করতে হবে।	দপ্তর/সংস্থাসহ সংশ্লিষ্ট সকলের নিকট হতে তথ্য সংগ্রহপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে প্রথম প্রান্তিকের প্রতিবেদন প্রমাণকসহ মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে।

**০৩. সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:**

- ক. মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার প্রথম প্রান্তিকের প্রতিবেদন পর্যালোচনার জন্য পৃথক সভা আয়োজন করা;  
খ. আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য বাস্তবায়নের জন্য প্রস্তুতকৃত Action Plan টি মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখা/অধিশাখায় প্রেরণ করা।

**০৪. সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।**

স্বাক্ষরিত/-  
২৮.১০.২০২০  
(সোহেলী শিরীন আহমেদ)  
যুগ্মসচিব  
ও  
টিম লিডার, এপিএ কমিটি  
বস্ত্র ও পাট মন্ত্রণালয়


চলমান পাতা-০২

স্মারক নং-২৪.০০.০০০০.১২১.০৫.০৩৭.২০(২য় খন্ড). ২৬২(ফ)

তারিখঃ ২৮.১০.২০২০ খ্রি.

সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

- ০১। যুগ্মসচিব (বাজেট), বঙ্গ ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। যুগ্মসচিব (বেওবি), বঙ্গ ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। যুগ্মসচিব (পরিকল্পনা অধিশাখা), বঙ্গ ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। সিনিয়র সহকারী প্রধান (পরিকল্পনা-১), বঙ্গ ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৫। সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১), বঙ্গ ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, বঙ্গ ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৭। সহকারী প্রোগ্রামার, বঙ্গ ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৮। সিস্টেম এনালিস্ট, বঙ্গ ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।



(খেনচান)

উপসচিব

ফোনঃ ৯৫৭৬৫৪৬

[budget.motj@gmail.com](mailto:budget.motj@gmail.com)